

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৮৪

জিরানীয়া, ১৭ অক্টোবর, ২০২৩

পাটনী পাড়া এডিসি ভিলেজে প্রশাসনিক শিবির

মান্দাই ব্লকের পাটনী পাড়া এডিসি ভিলেজের কমিউনিটি হলে সম্প্রতি একদিনের প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে জিরানীয়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৪৯টি পিআরটিসি, ৬০টি এসটি এবং ১৭টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে ৬০ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১৩৭ জন রোগীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষুধ দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৪৪৩টি গবাদি প্রাণীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষুধ দেওয়া হয়। শিবিরে জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তির রঞ্জন চাকমা, অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, মান্দাই ব্লকের বিডিও জয়দীপ দেববর্মা, ডিসি নিকসন রিয়াং ও অনিল দাস এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। শিবিরে বিধায়ক স্বপ্না দেববর্মা, অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা প্রমুখ এলাকার উন্নয়ন কর্মসূচি নিয়ে স্থানীয় জনসাধারণের সাথে মতবিনিময় করেন।
